

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শৃঙ্খলা বিষয়ক শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নম্বর- ৩৭.০০.০০০০.৯৫.২৭.২৯.২০২১. ২২৮

তারিখ: ২৭ জুলাই ১৪৩০ বঙ্গাব্দ
৩০ জুলাই ২০২৪ খ্রি.

প্রজ্ঞাপন


যেহেতু, ড. মোহা. মোকবুল হোসেন (৪৩৫৪), অধ্যাপক (বাংলা), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা, প্রাক্তন চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড, রাজশাহী এর বিরুদ্ধে গত ১৫/০১/২০২০ তারিখ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহীর সংস্থাপন শাখার ২০০৫ সংখ্যক স্মারকে ০৬ (ছয়) জন কর্মকর্তাকে বিধিবিহীনভাবে পদোন্নতির আদেশ প্রদান ও এ সংক্রান্ত বিষয়ে গঠিত তদন্ত কমিটির তদন্তের জন্য নির্ধারিত তারিখ অবহিত থাকা সত্ত্বেও তদন্তে অনুপস্থিত থেকে দায়িত্ব অবহেলার কারণে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগে বিভাগীয় মামলায় একই বিধিমালার বিধি ৪(২)(ঘ) বিধি মোতাবেক ২৭ জুলাই ২০২৩ তারিখের ৩৭.০০.০০০০.৯৫.২৭.২৯.২০২১.৩৬৫ নং প্রজ্ঞাপনমূলে “বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ” সূচক লঘুদণ্ড প্রদান করা হয়;

যেহেতু, ড. মোহা. মোকবুল হোসেন (৪৩৫৪), অধ্যাপক (বাংলা), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা উক্ত আদেশের বিরুদ্ধে দণ্ডদেশ মার্জনা করার জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্দিষ্ট সময়ের মধ্যে মহামান্য রাষ্ট্রপতি বরাবর পুনর্বিবেচনার আবেদন করলে মহামান্য রাষ্ট্রপতি পুনর্বিবেচনার আবেদন না মঞ্জুর করে পূর্বের দণ্ড বহাল রেখেছেন;

সেহেতু, ড. মোহা. মোকবুল হোসেন (৪৩৫৪), অধ্যাপক (বাংলা), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা, প্রাক্তন চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড, রাজশাহী কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(ঘ) বিধি মোতাবেক “বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ” সূচক লঘুদণ্ডের আদেশ বহাল রাখা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


(সোলেমান খান)


সচিব

তারিখ: ২৭ জুলাই ১৪৩০ বঙ্গাব্দ
৩০ জুলাই ২০২৪ খ্রি.

নম্বর- ৩৭.০০.০০০০.৯৫.২৭.২৯.২০২১. ২২৮/২(৬)

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (ড. মোহা. মোকবুল হোসেন এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ২। উপসচিব (সরকারি কলেজ-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা
- ৬। ড. মোহা. মোকবুল হোসেন (৪৩৫৪), অধ্যাপক (বাংলা), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।


(মো: শাহীনুর ইসলাম)
উপসচিব